

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সিনিয়র প্ল্যানারের কার্যালয়  
নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস  
সিলেট সিটি কর্পোরেশন ভবন (৫ম তলা), তোপখানা, সিলেট

বিষয় : নগর উন্নয়ন অধিদপ্তরের সিলেট আঞ্চলিক অফিসের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) কমিটির জানুয়ারি/২০২১ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : শাহীন আহম্মেদ, সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস, সিলেট  
তারিখ : ২৮/০১/২০২১ খ্রিঃ  
সময় : সকাল ১০:৩০ মিঃ  
স্থান : নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস, সিলেট  
উপস্থিতি : তালিকা সংযুক্ত


সভার শুরুতে নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস, সিলেট এর কর্মকর্তা/কর্মচারীদের মধ্য থেকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমের সভাপতি জনাব শাহীন আহম্মেদ, সিনিয়র প্ল্যানার, উপস্থিত কমিটির সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির পরিবীক্ষণ কাঠামো এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী কার্যক্রম গ্রহণ করে ৩য় কোয়ার্টারে সকলকে আন্তরিকতার সাথে কাজ করার আহবান জানান। তিনি সিলেট বিভাগীয় শহর মহাপরিকল্পনা/মাষ্টার প্ল্যানের বছর/সেক্টর ভিত্তিক পরিকল্পনার অগ্রগতি প্রতিবেদন তৈরীর জন্য কেন্দ্রীয় দপ্তর কর্তৃক মনিটরিং ফরম্যাট তৈরী এবং আঞ্চলিক দপ্তরসমূহে সরবরাহ বিষয়ে অদ্যাবধি কোন তথ্য পাননি বলে সভাকে অবহিত করেন। তিনি মনিটরিং ফরম্যাট ও জনবল সরবরাহ না পাওয়া পর্যন্ত সিলেটের বিভিন্ন দপ্তরে পত্র প্রেরণের মাধ্যমে মাষ্টার প্ল্যান বাস্তবায়নে তাদের অগ্রগতি জানতে চেয়ে পত্র প্রেরণের কাজ শুরু হয়েছে বলে সভাকে জানান। ইতিমধ্যে গত ২৭/০১/২০২১ ইং তারিখে মাষ্টার প্ল্যানের অন্যতম স্টেকহোল্ডার সিলেট সিটি কর্পোরেশনের মেয়র বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। ধারাবাহিকভাবে অন্যান্য সংস্থার কাছেও পত্র প্রেরণ করে তথ্য চাওয়া হবে। সংস্থা সমূহ হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মাষ্টার প্ল্যান বাস্তবায়নের মনিটরিং রিপোর্ট প্রস্তুত করা যাবে বলে আশা প্রকাশ করে। তিনি APA বিষয়ে কেন্দ্রীয় দপ্তর হতে প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে বলেও সভাকে জানান। সকলে এ বিষয়ে সন্তুষ্টি প্রকাশ করেন।

সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

১। ৩য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২। সিলেট বিভাগীয় শহরের মাষ্টার প্ল্যান বাস্তবায়নের অগ্রগতি জানার জন্য সেক্টর ভিত্তিক বিভিন্ন সংস্থাসমূহে পত্র প্রেরণের ধারাবাহিকতা বজায় রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভা সমাপ্তি ঘোষণা করেন।

  
(শাহীন আহম্মেদ)  
সিনিয়র প্ল্যানার

ও

সভাপতি

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) কমিটি  
নগর উন্নয়ন অধিদপ্তর  
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট

নগর উন্নয়ন অধিদপ্তরের সিলেট আঞ্চলিক অফিস, সিলেট  
বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) কমিটির জানুয়ারি/২০২১ মাসের সভায় উপস্থিতির তালিকাঃ

স্থান : নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস, সিলেট  
তারিখ : ২৮/০১/২০২১ খ্রিঃ  
সময় : সকাল ১০:৩০ মিঃ

ক্র: নং:	কর্মকর্তা/কর্মচারীর নাম	পদবী	স্বাক্ষর ও তারিখ
১।	জনাব শাহীন আহম্মেদ	সিনিয়র প্ল্যানার	<i>Shahin</i> ২৮/০১/২০২১
২।	জনাব বাদশা মিয়া	অফিস সহঃ কাম কম্পিঃ মুদ্রাঃ	<i>Badsha</i> ২৮/০১/২০২১
৩।	জনাব মো: নুরুজ্জামান ভূইয়া	রেখাকার	<i>Nurujjaman</i> ২৮/০১/২০২১
৪।	জনাব মো: রুবেল হোসেন	সার্ভেয়ার	<i>Rubel</i> ২৮/০১/২০২১